গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০২৩.১৬-৫২১

তারিখঃ ১৩ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষ্যে ১ আগস্ট থেকে আইন ও বিচার বিভাগের অধীনস্ত দপ্তর/অধিদপ্তর/সংস্থা ও সারাদেশের অধস্তন আদালতসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহার প্রসঙ্গে।

সূত্রঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি এর স্মারক নং-জঃশঃউঃ/জাঃবাঃকঃ/বিবিধ-০১/২০২১/৭৩৬, তারিখঃ ১৮.০৭.২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস পালনের অংশ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহিদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন ও শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে সরকারি/অন্যান্য কর্মসূচি পালনের পাশাপাশি ১ আগস্ট থেকে আইন ও বিচার বিভাগের অধীনস্ত দপ্তর/অধিদপ্তর/সংস্থা ও সারাদেশের অধস্তন আদালতসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন
জাতীয় বাস্তবায়ন কমিটি এর পত্র ও ড্রপডাউন ব্যানারের নমুনা।

২৮/০৭/২১

(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোন-৯৫৭৭৪২০ (অফিস)

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থাঃ

০১। মহাপ্রশাসক, সরকারি অছি ও সরকারি রিসিভার, ঢাকা।
০২। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
০৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
০৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
০৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
০৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
০৭। সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
০৮। প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

আদালতসমূহঃ

০১। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ (সকল)।
০২। স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
০৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)।
০৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল।

আইন ও বিচার বিভাগ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ ।
০২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। অফিস কপি।

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং- জঃশঃউঃ/জাঃবাঃকঃ/বিবিধ-০১/২০২১/৭৩৬

তারিখঃ ৩রা শ্রাবণ ১৪২৮ / ১৮ই জুলাই ২০২১

**বিষয় : ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষ্যে ১লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহার।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ই আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে সরকারি/ অন্যান্য কর্মসূচি প্রতিপালনের পাশাপাশি ১লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) লাগানোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০২। জাতির পিতা এবং ১৫ই আগস্টের শহিদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে ড্রপডাউন ব্যানার মুদ্রণ ও ব্যবহারের ক্ষেত্রে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

ক) ড্রপডাউন ব্যানারটি ভবনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ভবনের সামনে দৃশ্যমানভাবে লাগানোর ব্যবস্থা গ্রহণ করা এবং ওয়েবসাইটে (mujib100.gov.bd) প্রদত্ত ড্রপডাউন ব্যানারের নমুনার আলোকে প্রস্তুত করা;

খ) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি থাকবে। স্থান সংকুলান সাপেক্ষে ১৫ই আগস্টের সকল শহিদের ছবি ব্যবহার করা যাবে;

গ) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্টের শহিদগণ ব্যতীত অন্য কোনো ছবি ব্যবহার না করা;

ঘ) ড্রপডাউন ব্যানারের উপরে বাম পার্শ্বে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর লোগো, মাঝখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের লোগো (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডান পার্শ্বে মুজিববর্ষের লোগো ব্যবহার করা যাবে। তবে ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম লোগোসহ (যদি থাকে) ব্যবহার করা যেতে পারে;

ঙ) ব্যানারে স্থান সংকুলান সাপেক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোনো ভাষণের উদ্ধৃতি/ দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কোনো উদ্ধৃতি বা কবিতার পঙ্‌ক্তি ব্যবহার করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে বর্ণিত নির্দেশনার আলোকে ১লা আগস্ট থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

18/07/2021

পঙ্কজ ঘোষ
উপসচিব
ফোন : ০২-৫৫১৩০৩১৫

বিতরণ :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)/ সিনিয়র সচিব/ সচিব, ................................................... মন্ত্রণালয়/ বিভাগ;

৪। বিভাগীয় কমিশনার, ................................ বিভাগ;

৫। জেলা প্রশাসক, ...................................... জেলা।

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

# ১৫ই আগস্ট

# জাতীয় শোক দিবস

## শোক থেকে শক্তি
## শোক থেকে জাগরণ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা
ও ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি

## গভীর শ্রদ্ধা

প্রতিষ্ঠানের
লোগো

অফিস/ শিক্ষা প্রতিষ্ঠানের নাম